

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২১৬১

পরিচ্ছেদঃ তিনটি কারনের কোন একটি ছাড়া মুসলিম ব্যক্তির খুন হালাল নয়।

باب ما جاء لا يحل دم امرئ مسلم إلا بإحدى ثلاث

আরবী

حَدَّتَنَا أَحْمَدُ بْنُ عَبْدَةَ الضَّبِّيُّ، حَدَّتَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ، عَنْ أَبِي أُمَامَةَ بْنِ سَهْلِ بْنِ حُنَيْفٍ، أَنَّ عُثْمَانَ بْنَ عَفَّانَ، أَشْرَفَ يَوْمَ الدَّارِ فَقَالَ أَنْشُدُكُمُ اللَّهَ أَعْلَمُونَ بْنِ سَهْلِ بْنِ حُنَيْفٍ، أَنَّ عُثْمَانَ بْنَ عَفَّانَ، أَشْرَفَ يَوْمَ الدَّارِ فَقَالَ أَنْشُدُكُمُ اللَّهَ أَعْلَمُونَ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قالَ " لاَ يَحِلُّ دَمُ امْرِئٍ مُسْلِمٍ إِلاَّ بِإِحْدَى ثَلاَث زِنَا بَعْدَ إِحْصَانٍ أَوِ ارْتِدَادِ بَعْدَ إِسْلاَمٍ أَوْ قَتْل نَفْسٍ بِغَيْرِ حَقّ فَقُتِلَ بِهِ ". فَوَاللَّهِ مَا زَنَيْتُ فِي جَاهِلِيَّةٍ وَلاَ فِي إِسْلاَمٍ وَلاَ ارْتَدَدْتُ مُنْذُ بَايَعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم وَلاَ عَلَيْتُ وَلاَ الْقَلْنُ وَعَلْ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنِ ابْنِ مَسْعُودِ وَعَائِشَةَ وَابْنِ عَبَّاسٍ . وَهَذَا حَدِيثٌ حَسَنٌ . وَرَوَاهُ حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ هَذَا الْحَدِيثُ وَعْفُوهُ وَلَا مُرْفَعُوهُ وَقَدْ رُوِيَ هَذَا الْحَدِيثُ مِنْ غَيْرٍ وَجْهٍ عَنْ عُثْمَانَ عَنْ النَّبِي صلى الله عليه وسلم مَرْفُوعًا .

বাংলা

২১৬১. আহমাদ ইবন আবদা যাববী (রহঃ) আবূ উমামা ইবন সাহল ইবন হুনায়ফ (রহঃ) থেকে বর্ণিত যে, উসমান ইবন আফফান রাদিয়াল্লাহু আনহু যখন (বিদ্রোহীদের দ্বারা) ঘরে অবরুদ্ধ ছিলেন তখন একদিন উকি মেরে বলেছিলেনঃ তোমাদেরকে আল্লাহর কসম দিয়ে বলছি, তোমরা কি জান না রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছিলেনঃ এই তিন কারণে একটি ছাড়া মুসলিম ব্যক্তির খুন হালাল নয়্ম- বিবাহিত হয়েও যদি যিনা করে বা ইসলাম গ্রহণের পর যদি মুরতাদ হয়ে যায় বা অন্যায়ভাবে যদি কাউকে হত্যা করে আর সেজন্য তাকে হত্যা করা হয়। আল্লাহর কসম জাযেলী যুগে এবং ইসলামের পরও কখনো আমি যিনায় লিপ্ত হইনি, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর হাতে বায়আতের পর থেকে কখনো মুরতাদ হইনি আর আল্লাহ তাআলা যে প্রাণ-বধ হারাম করেছেন তা-ও আমি হত্যা করেনি। সুতরাং কি কারণে তোমরা আমাকে হত্যা করতে চাও?



সহীহ, ইবনু মাজাহ ২৫৩৩, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২১৫৮ [আল মাদানী প্রকাশনী]

এ বিষয়ে ইবন মাসউদ, আয়িশা ও ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। এ হাদীসটি হাসান। হাম্মাদ ইবন সালামা (রহঃ) এ হাদীসটিকে ইয়াহইয়া ইবন সাঈদ (রহঃ) এর বরাতে রিওয়ায়াত করেছেন। ইয়াহইয়া ইবন সাঈদ আল-কান্তান প্রমুখ (রহঃ)-ও এ হাদীসটি ইয়াহইয়া ইবন সাঈদ (রহঃ) এর বরাতে রিওয়ায়াত করেছেন। কিন্তু তারা মারফু' করেননি, মাওকুফ রূপে রিওয়ায়াত করেছেন। 'উসমান রাদিয়াল্লাহু আনহু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে একাধিক সূত্রে এ হাদীসটি বর্ণিত আছে।

English

Abu Umamah bin Sahl bin Hunaif narrated that on the day of siege, 'Uthman bin 'Affan stood overlooking the people, and he said:

"I swear to you by Allah! You know that the Messenger of Allah (s.a.w) said: 'The blood of a Muslim man is not lawful, except for one of three (cases):Illegitimate sexual relations after Ihsan (having been married), or apostasy after Islam, or taking a life without right, for which he is killed.' By Allah! I have never committed illegitimate sexual relations, not during Jahiliyyah nor during Islam, and I have not committed apostasy since I gave my pledge to the Messenger of Allah (s.a.w), and I have not taken a life that Allah had made unlawful. So for what do you fight me?"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু উমামাহ বিন সাহল (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন